

জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রশিক্ষণ কোর্সকে পুনর্বিন্যাস করলে তা আরো অর্থবহ হবে

ড. মঈন খান

২৬ এপ্রিল ঢাকার বিয়াম মিলনায়তনে জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক প্রশিক্ষণ কার্যক্রমের আওতায় বিশ্ববিদ্যালয়ের ডাইস চ্যান্সেলর প্রফেসর আবদুল মমিন চৌধুরীর সভাপতিত্বে অধিভুক্ত কলেজের প্রশিক্ষণার্থী শিক্ষকদের উদ্দেশ্যে এক সনদ বিতরণী অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিজ্ঞান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রী ড. আব্দুল মঈন খান।

প্রধান অতিথি তার ভাষণে বলেন, স্কুল ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের শিক্ষণের ধরন আলাদা। জাতীয় বিশ্ববিদ্যালয়ের চার বছর মেয়াদি অনার্স কোর্স সম্পর্কে প্রধান অতিথি ভাষণের এক পর্যায়ে বলেন, আমাদের আর্থ-সামাজিক অবস্থার পরিস্থিতিতে বিশ্ববিদ্যালয়ে প্রচলিত চার বছর মেয়াদি অনার্স কোর্স সামঞ্জস্যপূর্ণ কিনা ভেবে দেখার বিষয়। বিশ্ববিদ্যালয়ের অনার্স কোর্সে যে মেজর বিষয় বা নন-মেজর বিষয়টি চালু আছে, বিষয় নির্বাচনের বেলায় শিথিলতার আরো সুযোগ না থাকলে অনার্স কোর্সে মেজর বা নন-মেজর বিষয়ের সুবিধা কোনো কালে আসবে না। তিনি বলেন, প্রশিক্ষণার্থীগণ প্রশিক্ষণের মাধ্যমে নিজেদেরই নিজেদের প্রশিক্ষিত করে তুলবেন। জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রশিক্ষণ কোর্সগুলোকে পুনর্বিন্যাস করা হলে প্রশিক্ষণ কার্যক্রম আরো অর্থবহ হবে। আধুনিক তথ্য প্রযুক্তির যুগে জাতীয় বিশ্ববিদ্যালয় তার নিজস্ব ওয়েবসাইটের ব্যবস্থা করতে পারে। এতে বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজগুলো বেশি উপকৃত হবে। তিনি বলেন, ভাষার চিন্তার ব্যাপারে সীমাবদ্ধতা থাকলে আমরা বিশ্বমানের শিক্ষা অর্জন করতে পারবো না।

অনুষ্ঠানের সভাপতি বিশ্ববিদ্যালয়ের ডাইস-চ্যান্সেলর প্রফেসর আবদুল মমিন চৌধুরী তার ভাষণে বলেন, বর্তমানে ছাত্ররা যেমন পড়ে না, শিক্ষরাও তেমন পড়ে না। যে শিক্ষকের ওপর আস্থা রাখা যায় না সে প্রকৃত শিক্ষক নয়। আমাদের শিক্ষকরা প্রকৃত অর্থে যদি শিক্ষক হন তাহলে ছাত্ররা তাদের সামনে নকল করতে পারে না। তিনি বলেন, প্রশিক্ষণটাকে যদি আমরা আত্মবিশ্লেষণের সুযোগ হিসেবে নিতে পারি তাহলেই প্রশিক্ষণের দক্ষা অর্জিত হবে।

অনুষ্ঠানে জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি প্রফেসর মোঃ খলিলুর রহমান, প্রো-ভিসি এম আমিনুল ইসলাম বক্তব্য রাখেন। এছাড়া কোর্স উপদেষ্টা প্রফেসর এ কিউ ফজলুল ওয়াহিদ প্রশিক্ষণার্থী আবদুল আওয়াল খান প্রমুখ অনুষ্ঠানে বক্তব্য রাখেন।

অনুষ্ঠানের এক পর্যায়ে প্রধান অতিথি প্রশিক্ষণার্থীদের মধ্যে সনদ ও পুস্তক বিতরণ করেন।

ইংরেজি, দর্শন, সমাজবিজ্ঞান, পদার্থবিদ্যা, প্রাণিবিদ্যা, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ের প্রশিক্ষণে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজগুলো হতে ১৩৮ জন প্রশিক্ষণার্থী মাসব্যাপী প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। বিজ্ঞপ্তি।